

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৮৩

আগরতলা, ০৫ ফেব্রুয়ারি, ২০২৪

**লোক আদালতে ৫,৮১৬টি মামলার নিষ্পত্তি**

রাজ্যের চার জেলায় গতকাল বিশেষ লোক আদালতে একদিনে ৫,৮১৬টি মামলার নিষ্পত্তি হয়েছে। গতকাল পশ্চিম জেলা, খোয়াই জেলা, সিপাহীজলা জেলা, বিশালগড়, কমলপুর এবং লংতরাইভ্যালি আদালত প্রাঙ্গণে বিশেষ লোক আদালতের আয়োজন করা হয়। উক্ত বিশেষ লোক আদালতে ১২টি বেঞ্চ এমভি অ্যাক্ট, টিপি অ্যাক্ট, এক্সাইস অ্যাক্ট, টিজি অ্যাক্ট সংক্রান্ত ৬,৯৫৭টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। এর মধ্যে নিষ্পত্তি হয়েছে ৫,৮১৬টি মামলার অর্থাৎ একদিনের বিশেষ লোক আদালতে ৮৩ দশমিক ৫৯ শতাংশ মামলার নিষ্পত্তি হয়েছে। লোক আদালতে পশ্চিম জেলায় ২,৩৮০টি মামলার মধ্যে ২ হাজার ২০৮টি মামলা, সিপাহীজলা জেলায় ২০৫৪টি মামলার মধ্যে ১৫২৫টি মামলা, ধলাই জেলায় ১১২৩টি মামলার মধ্যে ৭৬৯টি মামলা এবং খোয়াই জেলায় ১৪০০টি মামলার মধ্যে ১৩১৪টি মামলা নিষ্পত্তি হয়েছে। লোক আদালতে আদায় হয়েছে ৬ লক্ষ ৫৯ হাজার ২৫০ টাকা। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব বুমা দত্ত চৌধুরী লোক আদালতে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়েছেন। ত্রিপুরা রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*